

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
পার-৪ অধিশাখা।

নং- ৪৫.১৪৫.০১৫.০০.০৪১.২০১০

তারিখঃ ২৫.০৯.২০১৩খ্রিঃ

প্রেরকঃ মোঃ জিল্লুর রহমান চৌধুরী
উপ সচিব

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।


বিষয়ঃ চট্টগ্রাম জেনারেল হাসপাতালে জন্য রাজস্বখাতে পদসৃজন।

আদিষ্ট হয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন চট্টগ্রাম জেনারেল হাসপাতালে বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের ১১ টি পদ স্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনে সম্মতি জ্ঞাপন করছিঃ

ক্র: নং	পদের নাম ও পদসংখ্যা	জাতীয় বেতন স্কেল/০৯	শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা
১	২	৩	৪
১	তত্ত্বাবধায়ক-০১টি	টাঃ ২৫৭৫০-৩৩৭৫০ (৪ নং স্কেল)	The BCS Recruitment Rules (Health) 1981 and The BCS (Examination for Promotion) Recruitment Rules 1986 এর তফসীলের ক্রমিক নং ৪ মোতাবেক।
২	সিনিয়র কনসালটেন্ট -০৫টি গাইনী-০১টি চর্ম-০১টি কার্ডিওলজী-০১টি সার্জারী-০১টি অর্থো-সার্জারী-০১টি	টাঃ ২২২৫০-৩১২৫০ (৫ নং স্কেল)	The BCS Recruitment Rules (Health) 1981 and The BCS (Examination for Promotion) Recruitment Rules 1986 এর তফসীলের ক্রমিক নং 11(A) মোতাবেক।
৩	জুনিয়র কনসালটেন্ট -০৪টি রেডি ও ইমেজিং-০১টি শিশু-০১টি ইএনটি-০১টি এনেসথেসিওলজি-০১টি	টাঃ ১৮৫০০-২৯৭০০ (৬ নং স্কেল)	The BCS Recruitment Rules (Health) 1981 and The BCS (Examination for Promotion) Recruitment Rules 1986 এর তফসীলের ক্রমিক নং 12(a) মোতাবেক।
৪	ডেন্টাল সার্জন-০১টি	টাঃ ১১০০০-২০৩৭০ (৯ নং স্কেল)	As per Bangladesh Civil Service (Age Qualification and Examination for Direct Recruitment) Rules, 1982 মোতাবেক
	মোট পদ-১১টি		

১০/৯/১৩


- ২। উপরের ছকের ৩ নং কলামে নির্ধারণকৃত বেতনস্কেল ৪ নং কলামে প্রদর্শিত যোগ্যতা/ অভিজ্ঞতা কার্যকর হবে। এতদসংক্রান্ত বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ কর্তৃক প্রদত্ত শর্তাদি প্রতিপালন করতে হবে। এছাড়া, পদের মঞ্জুরী আদেশ (জিও) অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ কর্তৃক পৃষ্ঠাংকন হতে হবে।
- ৩। এ পদ সৃষ্টিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৭-০৯-২০১১ খ্রি: তারিখের ৩৫২ নং ও অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ০৭-০৮-২০১২ খ্রি: তারিখের ৪৬৬ নং স্মারকের সম্মতি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশ রয়েছে।
- ৪। মন্ত্রণালয়/বিভাগ/ অফিসের বিদ্যমান টিওএন্ডই-তে নতুন সৃজিত পদ স্থায়ী চিহ্নিতপূর্বক অন্তর্ভুক্ত করে টিওএন্ডই আপডেট করতে হবে এবং হালনাগাদ টিওএন্ডই এর এক কপি অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।
- ৫। উল্লিখিত কর্মকর্তাদের যাবতীয় ব্যয়ভার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কোড নম্বর হতে মিটানো হবে।
- ৬। এ আদেশ জারীতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।


 মোঃ জিল্লুর রহমান চৌধুরী
 উপ সচিব
 ফোন-৯৫৪৫১৩৪

নং- ৪৫.১৪৫.০১৫.০০.০০.০৪১.২০১০

তারিখঃ ২৫.০৯.২০১৩খ্রিঃ

অনুলিপি ৪ (চার) কপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপসচিব, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ (ব্যঃ নিঃ-৬) এর নিকট প্রেরণ করা হলো এর ১ (এক) কপি পৃষ্ঠাংকনপূর্বক সচিব স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং ০১ (এক) কপি প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় সিজিএ ভবন, সেগুন বাগিচা ঢাকা এর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হলোঃ


 মোঃ জিল্লুর রহমান চৌধুরী
 উপ সচিব

নং- ০৭.১৫৬.০১৫.৪৫.০২.০৪১.২০১০

তারিখঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রদান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা ঢাকা বরাবর প্রেরণ করা হলো। এ আদেশ জারীতে ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সম্মতি রয়েছে।

RAMS


উপসচিব
 ব্যয় নিয়ন্ত্রণ- ৬ অধিশাখা
 অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং- ৪৫.১৪৫.০১৫.০০.০০.০০৪.২০১০ - ৫১২/১ (৮)

তারিখঃ ২৫.০৯.২০১৩খ্রি:

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহা পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। উপসচিব (পার-১,২,৩ অধিশাখা) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। (প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ১৩-০৫-২০১৩ খ্রি: তারিখের সভার কার্যবিবরণীর ফটোকপিসহ)।
- ৪। সিভিল সার্জন, চট্টগ্রাম।
- ৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, চট্টগ্রাম।
- ৬। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। (তাকে সরকারী আদেশটি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)


২৫/০৯/১৩
মোঃ জিল্লুর রহমান চৌধুরী
উপ সচিব

